বাংলা বিভাগ অ্যালামনাই রাজশাহীবিশ্ববিদ্যালয়

১৬ নভেম্বর ॥ ২০২৫

# কার্যনির্বাহী চতুর্দশ সভার সংশোধিত কার্যবিবরণী ও সিদ্ধান্তসমূহ

সম্মাননীয়
শুভেচ্ছা জানবেন।

বাংলা বিভাগ অ্যালামনাই, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের **চতুর্থ কার্যনির্বাহী পরিষদের ১৪তম সভা** গত ১৫ নভেম্বর ২০২৫ শনিবার রাত ৮-০০ টায় অন-লাইন (গুগলমিটে) অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন বাংলা বিভাগ অ্যালামনাই, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সভাপতি জামিল রায়হান। সভায় ১৯জন সদস্যের সক্রিয় উপস্থিতিতে আলোচনা হয়। সভার শুরুতেই সাধারণ সম্পাদক আগামী ১৯ ও ২০ ডিসেম্বর তারিখের পঞ্চম সম্মিলন ও সাধারণ সভার বিষয়ে আলোকপাত করেন। এরপর পূর্ববর্তী সভার কার্যবিবরণী নিশ্চিত হলে অন্য আলোচ্যসূচিতে সভাপতির মাধ্যমে আলোচনায় অংশ নেন আপেল আবদুল্লাহ, সাইদ কাজল, তুহিন আব্বাসী, মো. মাহবুব আলম, এনায়েত হোসেন, ব্রাইনির ইসলাম, শিবলী শিহাব, নাজমুন নাহার বিউটি, আব্দুল ওহাব, আজিজুর রহমান দীপু, জ্যোৎস্না লিপি, ইকবাল হোসেন প্রমুখ। এ-সভার সুনির্দিষ্ট সিদ্ধান্তগুলো নিম্নরূপ :

১) পূর্ববর্তী সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়।

২) সম্মিলনের প্রস্তুতি ও অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

৩) গঠনতন্ত্র অনুযায়ী তিনটি বিভাগীয় শাখা কমিটি যথাক্রমে রাজশাহী, ঢাকা, খুলনা কমিটি পুনর্গঠনের জন্য ড. আব্দুল ওহাব (রাজশাহী), অ্যাডভোকেট এলিনা আখতার খান ও ফাহমিদা পলি (ঢাকা), ড. শেখ রজিকুল ইসলাম, মো. এনায়েত হোসেন ও বকুল মাহবুব (খুলনা) দায়িত্ব দেওয়া হয়। রংপুর বিভাগীয় কমিটি গঠনের জন্য কামরুজ্জামান গোপন, সৈয়দ শামসুল আলম, আযাদ কালাম, এমরান হোসেন ও ড. রিষিণ পরিমল একত্রে বসে সিদ্ধান্ত নেবেন; এ-পর্যায়ে কামরুজ্জামান গোপন কো-অর্ডিনেট করবেন।
আগামী ০৫ ডিসেম্বর ২০২৫ তারিখের মধ্যে নির্ধারিত ব্যক্তিগণ তিনটি কমিটি পুনর্গঠন ও রংপুর বিভাগের নতুন কমিটি গঠন করবেন।

৪) গঠনতন্ত্রের ৫/৪ক অনুযায়ী সাম্মানিক সদস্য হিসেবে মহাদেব সাহা, সেলিনা হোসেন ও জুলফিকার মতিনের নাম সানন্দচিত্তে গৃহীত হয় এবং পূর্বের প্রয়াত দুজন সাম্মানিক সদস্য যতীন সরকার ও গোলাম মুরশিদের প্রসঙ্গ আলোচনায় আসে এবং আসন্ন সম্মিলনে সুভেনিরে তাঁদেও জন্য দুটো লেখা মুদ্রণের বিষয়ে অভিমত ব্যক্ত করা হয়।

বিবিধে আর কোনো আলোচনা না-থাকায় সভাপতি কবি জামিল রায়হান সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

সাধারণ সম্পাদক
বাংলা বিভাগ অ্যালামনাই

সভাপতি
বাংলা বিভাগ অ্যালামনাই